কুমিল্লা সিটি কর্পোরেশন
কুমিল্লা
www.cocc.gov.bd
ফোনঃ ০৮১-৭৬০৯৯

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৭.১৯.৫০.০০৪.০২.৭৯৪.২০২৩-৫৯৮ তারিখঃ ২৮।২।২০২৩ খ্রিঃ

# কুমিল্লা সিটি কর্পোরেশনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা মোতাবেক বঙ্গাব্দ ১৪৩০ (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সনের জন্য কুমিল্লা সিটি কর্পোরেশনের পরিচালনাধীন নিম্নোক্ত মহালগুলো শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র/সিডিউল নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতিত) (১) বিভাগীয় কশিনারের কার্যালয়, চট্টগ্রাম, (২) উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা, (৩) পুলিশ সুপার এর কার্যালয়, কুমিল্লা এবং (৪) কুমিল্লা সিটি কর্পোরেশন কার্যালয় হতে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপরোল্লিখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ ধার্য তারিখ বেলা ৪.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিজ নিজ দরপত্রের সাথে মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর অনুকুলে ৩০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা করতে হবে। যাহার দর গৃহীত হবে তার প্রস্তাবিত দরের সাথে ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষণ থাকবে। দরপত্র গৃহীত হওয়ার পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর নামে এবং ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ৫% অর্থ আয়কর ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে একই তারিখে একই সঙ্গে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্র বাতিল করা হবে এবং জমাকৃত জামানত বাবদ ৩০% অর্থ সিটি কর্পোরেশনের অনুকুলে বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

হাট-বাজার এর বিবরণঃ

| ক্র: নং | হাট-বাজার এর নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) |
|---|---|---|---|
| ০১ | চকবাজার (কাঁচা বাজার, মাছ বাজার, ছাগল বাজার, কবুতর বাজার, বাঁশ বাজার, কামার পট্টি এবং কামার পট্টির সম্মুখের উন্মুক্ত অংশ) | ৩১,৬২,২৫৮/- | ৭,০০০/- |
| ০২ | রাজগঞ্জ বাজার | ৬০,৩৪,৩০৯/- | ১২,৮০০/- |
| ০৩ | বাদশা মিয়া বাজার | ৬৫,৪০,২০০/- | ১৩,৮০০/- |
| ০৪ | রাণীর বাজার | ২১,৯১,৭২২/- | ৫,০০০/- |
| ০৫ | চৌয়ারা গরুর বাজার | ৬৬,৪৪,২২১/- | ১৪,০০০/- |
| ০৬ | পদুয়ার বাজার (নতুন ও পুরাতন) | ১৪,৪৯,৫৫১/- | ৩,৬০০/- |
| ০৭ | নিউ মার্কেটের পার্কিং স্থল | ১,০০,০০০/- | ৫০০/- |

## দরপত্র দাখিল ও খোলার সময়সূচী

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১২/০৩/২০২৩ অফিস চলাকালীন সময় | ১৩/০৩/২০২৩ বেলা-১.০০ ঘটিকা | ১৩/০৩/২০২৩ বিকাল-৪.০০ ঘটিকা | একবার দরপ্রস্তাব অনুমোদিত হলে পরবর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় পর্যায় | ১৯/০৩/২০২৩ অফিস চলাকালীন সময় | ২০/০৩/২০২৩ বেলা-১.০০ ঘটিকা | ২০/০৩/২০২৩ বিকাল-৪.০০ ঘটিকা | |
| ৩য় পর্যায় | ২২/০৩/২০২৩ অফিস চলাকালীন সময় | ২৩/০৩/২০২৩ বেলা-১.০০ ঘটিকা | ২৩/০৩/২০২৩ বিকাল-৪.০০ ঘটিকা | |
| ৪র্থ পর্যায় | ২৮/০৩/২০২৩ অফিস চলাকালীন সময় | ২৯/০৩/২০২৩ বেলা-১.০০ ঘটিকা | ২৯/০৩/২০২৩ বিকাল-৪.০০ ঘটিকা | |

## শর্তসমূহঃ

১) দরপত্রের সহিত দরপ্রস্তাবে উল্লেখিত টাকার ৩০% অর্থ মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন এর নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সিটি কর্পোরেশন তহবিলে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট/বাজার পরিস্কার পরিচ্ছন্ন না

# কুমিল্লা সিটি কর্পোরেশন

কুমিল্লা

www.cocc.gov.bd

ফোনঃ ০৮১-৭৬০৯৯


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।

২) দরপত্র ডাকযোগেও গ্রহণ করা হইবে, তবে তাহা নির্দিষ্ট সময়ের পূর্বে পৌছাইতে হইবে। ইজারা ডাকের উপর চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর ব্যাংক ড্রাফ্‌ট ফেরৎ দেওয়া হইবে না।

৩) যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকিবে।

৪) অনুমোদিত দরপত্র দাতাকে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত নোটিশের ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করিতে হইবে। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করিয়া পুনঃদরপত্র আহবান করা হইবে।

৫) দরপত্রে কোন প্রকার কাটাছেঁড়া, ঘষামাজা, দরপত্র দাতার নাম ঠিকানা অসম্পূর্ণ এবং অন্যকোন প্রকার ত্রুটি থাকিলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

৬) সরকার অনুমোদিত দর অনুযায়ী ইজারাদার টোল আদায় করিতে বাধ্য থাকিবেন। কোন অবস্থাতেই অতিরিক্ত টাকা আদায় করিতে পারিবেন না এবং বিনা রসিদে কোন টোল আদায় করা যাইবে না।

৭) ইজারাকৃত বাজারের দখল নেওয়ার পূর্বে সরকারের নির্ধারিত আয়কর ও ভ্যাট পরিশোধ করিয়া সিটি কর্পোরেশন এর সাথে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

৮) অন্যান্য শর্তাবলী চুক্তিপত্রের মধ্যে বর্ণিত থাকিবে এবং যে কোন শর্ত খেলাপ বা পালন করিতে ব্যর্থ হইলে ইজারা বন্দোবস্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই ইজারা বন্দোবস্ত বাতিল করা যাইবে এবং জমাকৃত ইজারার টাকা সিটি কর্পোরেশন তহবিলে বাজেয়াপ্তক্রমে পুনঃ ইজারা বন্দোবস্ত প্রদান করা হইবে। ইহার জন্য সিটি কর্পোরেশনের যে কোন ক্ষতি পূরণের জন্য ইজারাদার বাধ্য থাকিবেন।

২৬.২.২০২৩

ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৭.১৯.৫০.০০৪.০২.৭৯৪.২০২৩ ৫২৬

তারিখঃ ২৬।০২।২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

০১। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
০২। জেলা প্রশাসক
০৩। পুলিশ সুপার, কুমিল্লা
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
০৫। জনাব/ বেগম..........................................................কাউন্সিলর,..........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৬। ..........................................................................তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হইল
০৭। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৮। প্রধান প্রকৌশলী, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৯। প্রধান রাজস্ব কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন
১১। হিসাবরক্ষক, কুমিল্লা সিটি কর্পোরেশন
১২। পি.এ.টু-মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য-
১৩। জনাব/বেগম...................................................
১৪। সম্পাদক,.................................................তাঁহার পত্রিকায় উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি অত্র কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী ...................পরিসরে ০১(এক)দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হইল

দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে টেন্ডার বাক্স স্থাপন করে দরপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন